

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd


পত্র নং ৫৮.০৪.০০০০.০৪৩.০৩.০১০.২০২৪- ৬৪ (৫)

তারিখঃ ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: কারাগারে স্থাপিত সিসিটিভিসমূহ কারা অধিদপ্তরের সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের আওতাভুক্ত করণ প্রসঙ্গে।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আপনার বিভাগস্থ সকল কারাগারের গুরুত্বপূর্ণ সিসিটিভিসমূহ কারা অধিদপ্তরের সেন্ট্রাল মনিটরিং সিস্টেমের আওতাভুক্ত করণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে আপনার বিভাগস্থ কারাগারসমূহে জরুরীভিত্তিতে ক্যামেরা ও এনভিআর/ ডিভিআরগুলো সার্বক্ষণিক সচল/ আপডেটেড রাখার জন্য নির্দেশ দেয়া হলো। বিশেষকরে কারাগারের প্রধান ফটক, সাক্ষাতকক্ষ (ভিতর ও বাহির), কারা ক্যান্টিন (ভিতর ও বাহির), রেশন গুদাম (ভিতর ও বাহির), চৌকা, বন্দী ব্যারাকের প্রবেশ পথ, কারা হাসপাতালের প্রবেশপথ, আমদানী ওয়ার্ডের সম্মুখে ও সেল এলাকাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোর ক্যামেরা অবশ্যই সার্বক্ষণিক সচল রাখতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন করতঃ আগামী ২২.০৯.২০২৪ তারিখের মধ্যে সমাপনী প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করার জন্য বলা হলো।

 ২০/৯/২৪

শেখ সুজাউর রহমান

কর্ণেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে কারা মহাপরিদর্শক

ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।

addl.ig@prison.gov.bd

কারা উপ মহাপরিদর্শক

সকল বিভাগ।

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- ১। সিনিয়র জেল সুপার / জেল সুপার, সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার। আপনার কারাগারে উল্লিখিত পয়েন্টগুলোতে ক্যামেরা ও এনভিআর/ডিভিআরগুলো সার্বক্ষণিক সচল/ আপডেট রাখার নির্দেশসহ।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা (মেইলযোগে)।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (সঃদঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে (মেইলযোগে)।